## ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১৬ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : তানিয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২৫
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্র: নং | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, আগামী ১২ অক্টোবর/২০২৫ তারিখ হতে টাইফয়েড ভ্যাক্সিনেশন কার্যক্রম শুরু হবে। উক্ত ক্যাম্পেইনে ০৯ মাস হতে ১৫ বছরের কম বয়সী সকল শিশুকে এক ডোজ টাইফয়েডের ভ্যাক্সিন প্রদান করা হবে। তিনি যে সকল শিশুর জন্ম নিবন্ধন আছে তাদেরকে অনলাইনে রেজিস্ট্রেশন করার অনুরোধ জানান এবং যাদের জন্ম নিবন্ধন নাই তাদেরকেও বিশেষ ব্যবস্থার মাধ্যমে টাইফয়েডের ভ্যাক্সিন প্রদান করা হবে। অত্র উপজেলায় কিছু শিক্ষা প্রতিষ্ঠানে টিকার ব্যাপারে অনাগ্রহ দেখাচ্ছে। তাদেরকে টাইফয়েডের ভ্যাক্সিনের ব্যাপারে ভুল ধারণা দূরীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম জোরদারের সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। | অত্র উপজেলায় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহ সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন- শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা জানান, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বিট পুলিশের ডিউটি অব্যাহত রয়েছে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্ত বিট পুলিশের ডিউটি অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা কে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, অত্র উপজেলার অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন, ওয়াশ ব্লক ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজে দীর্ঘ সূত্রিতা লক্ষ্য করা যাচ্ছে। তিন বছরেও নির্মাণ কাজ শেষ হচ্ছে না। বিশেষ করে ফলদুর বীরদল নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ প্রায় ০৩ বছর ধরে চলমান থাকায় ভাড়া ঘরে উক্ত বিদ্যালয়ের পাঠদান চলছে। সোনারখেড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোটকেন্দ্র আছে কিন্তু উক্ত বিদ্যালয়ে খাবার পানির কোন ব্যবস্থা নাই। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের টাইফয়েড টিকার রেজিস্ট্রেশন হার জন্ম নিবন্ধনের কারনে কম বলে তিনি সভাকে অবহিত করেন। | অত্র উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন, ওয়াশ ব্লক ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের দীর্ঘ সূত্রিতা দূরীকরণের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | !) উপজেলা প্রকৌশলী, কানাইঘাট,সিলেট<br>!!)উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, রতনপুর গ্রাম সংলগ্ন রাস্তার কালভার্টটি জরুরী ভিত্তিতে মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া বর্তমান অর্থ বছরের এডিপির প্রথম কিস্তির বরাদ্দ চলে এসেছে। তিনি উক্ত প্রথম কিস্তির বরাদ্দের চারগুণ পরিমাণ টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে বলে সভাকে অবহিত করেন। | বর্তমান অর্থ বছরের এডিপির প্রকল্প ও তা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে সংস্থার(বিজিবি ক্যাম্প) ১০০টি গাছের চারা বরাদ্দ পাওয়া গেছে যা [illegible] বিজিবি ক্যাম্পে বরাদ্দ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় বর্তমান মৌসুমে ১৫,৬৪০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে তিনি জানান। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, হাওর, নদী-নালা,খাল-বিলে স্থায়ী স্থাপনা/স্থিরকৃত জাল অর্থাৎ সূতি জাল,খরা জাল/ভেল জাল, চায়না দুয়ারী জাল, গড়া জাল, বাঁশ বা কাঠা ও বানা বা বাঁধ ইত্যাদি নির্মাণ করে মৎস্য আহরণ নিষিদ্ধ। মাছ চাষের উদ্দেশ্য ছাড়া কোন জলাশয় সম্পূর্ণ শুকিয়ে বা সেচে এবং বিষ প্রয়োগ করে মাছ আহরণ করা নিষিদ্ধ। উক্ত আইন অমান্যকারীর কমপক্ষে ০১(এক) বছর হতে ০২(দুই) বছরের সশ্রম কারাদণ্ড অথবা উভয় দণ্ড হতে পারে। এব্যাপারে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তিনি ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | মৎস্য আইন ও আইন ভঙ্গের শাস্তি সম্পর্কে সাধারণ জনগণকে সচেতন করার উদ্যোগ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বর্তমানে এল ডি ডি পি প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে গবাদিপশুর এলএসডি টিকা প্রদান কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সমাজসেবা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা জানান, বর্তমান ২০২৫-২০২৬ অর্থ বছরের টি,আর/কাবিটা/কাবিখা এর বরাদ্দ পাওয়া গেছে। পরিপত্র ২০২১ এর আলোকে দ্রুত প্রকল্প তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | বর্তমান ২০২৫-২০২৬ অর্থ বছরের টি,আর/কাবিটা/কাবিখার প্রকল্প তালিকা দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় জুলাই ও আগস্ট/২৫ মাসের খাদ্যশস্য ০৮টি ইউনিয়নে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে এবং ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হয়েছে। ০৭নং দক্ষিণ বানীগ্রাম ইউনিয়নে এ সপ্তাহেই বিতরণ করা হবে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের অনলাইন ডাটাএন্টি কার্যক্রম চলমান আছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের অনলাইন ডাটাএন্টি কার্যক্রম দ্রুত শেষ করার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন শারদীয় দুর্গাপূজা/২৫ উপলক্ষ্যে অত্র উপজেলায় ৩২টি পূজা মন্ডপে ২০০জন আনসার-ভিডিপি সদস্য/সদস্যা দায়িত্ব পালন করবে। ২৪ সেপ্টেম্বর/২৫ থেকেই প্রতিটি মন্ডপে প্রাক-প্রস্তুতিমূলক মোতায়েন হবে। এছাড়া সামগ্রিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা বিট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তাঁর দপ্তরের আওতায় অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত ৩৭৬ টি নলকূপের মধ্যে ৩৬০ টি নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। স্থাপনকৃত নলকূপসমূহের গোড়া পাকা করার কাজ চলমান আছে। | অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপসমূহের স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সহকারী প্রকৌশলীকে (জনস্বাস্থ্য) অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, সেপ্টেম্বর/২৫ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের কার্যক্রম চলমান আছে। অত্র উপজেলার দুইটি ওএমএস এর দোকান | খাদ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা বাস্তবায়ন কর্মকর্তা জানান, বর্তমান ২০২৫-২০২৬ অর্থ বছরের টি.আর/কাবিটা/কাবিখা এর বরাদ্দ পাওয়া গেছে। পরিপত্র ২০২১ এর আলোকে দ্রুত প্রকল্প তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | বর্তমান ২০২৫-২০২৬ অর্থ বছরের টি.আর/কাবিটা/কাবিখার প্রকল্প তালিকা দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় জুলাই ও আগস্ট/২৫ মাসের খাদ্যশস্য ০৮টি ইউনিয়নে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে এবং ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হয়েছে। ০৭নং দক্ষিণ বানীগ্রাম ইউনিয়নে এ সপ্তাহেই বিতরণ করা হবে। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের অনলাইন ডাটাএন্টি কার্যক্রম চলমান আছে। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের অনলাইন ডাটাএন্টি কার্যক্রম দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন শারদীয় দূর্গাপূজা/২৫ উপলক্ষে অত্র উপজেলার ৩২টি পূজা মন্ডপে ২০০জন আনসার-ভিডিপি সদস্য/সদস্যা দায়িত্ব পালন করবে। ২৪ সেপ্টেম্বর/২৫ থেকেই প্রতিটি মন্ডপে প্রাক-প্রস্তুতিমূলক মোতায়েন হবে। এছাড়া সামগ্রিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসের মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা বিট কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তাঁর দপ্তরের আওতায় অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত ৩৭৬ টি নলকূপের মধ্যে ৩৬০ টি নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। স্থাপনকৃত নলকূপসমূহের গোড়া পাকা করার কাজ চলমান আছে। | অত্র উপজেলার জন্য বরাদ্দকৃত গভীর নলকূপসমূহের স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সহকারী প্রকৌশলীকে (জনস্বাস্থ্য) অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ১৯ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, সেপ্টেম্বর/২৫ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের কার্যক্রম চলমান আছে। অত্র উপজেলার দুইটি ওএমএস এর দোকান | খাদ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হতে ২৪/- টাকা দরে আটা বিক্রির কার্যক্রম চলমান আছে। প্রতি দোকান হতে দৈনিক ৫০০ কে.জি করে মোট ০১টন আটা বিক্রি হচ্ছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | | |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অত্র উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম জোরদার করার জন্য শাখা ব্যবস্থাপকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী বিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি জানান, পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আসন্ন দূর্গা পূজা উপলক্ষ্যে পর্যাপ্ত ট্রান্সফর্মার মজুদ আছে। | আসন্ন দূর্গা পূজা উপলক্ষ্যে লোডসেডিং যাতে কম হয় সেব্যাপারে সচেতন থাকার জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ২২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীথি চলমান রয়েছে। এছাড়া আসন্ন দূর্গা পূজা উপলক্ষ্যে একটি কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৩ | তথ্য আপা প্রকল্প | উক্ত বিভাগের কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | তথ্য আপা প্রকল্পের কার্যক্রম আরও জোরদার করার উদ্যোগ গ্রহণের জন্য তথ্য সেবা কর্মকর্তাকে জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা পরিষদের প্রত্যেক মাসিক সভায় উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ডকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট সভায় উপস্থিত না থাকায় ইসলামী ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | প্রত্যেক মাসিক সভায় ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,সিলেট জেলার তুলনায় জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলা পিছিয়ে আছে। শিশু জন্মের পর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পূর্ণ ফ্রি। এব্যাপারে সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তিনি অনুরোধ জানান। | জন্ম ও মৃত্যু নিবন্ধনে ক্ষেত্রে কানাইঘাট উপজেলাকে এগিয়ে নেওয়ার জন্য সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউনিয়নের অনিস্পন্ন মামলাগুলো দ্রুত নিস্পত্তি করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। এছাড়া তিনি উচ্চ আদালতের মামলার ক্ষেত্রে মাসিক ভিত্তিক উচ্চ আদালতে রিপোর্ট প্রেরণের এবং মামলার সাপ্তাহিক রিপোর্ট ইউনিয়ন থেকে উপজেলায় | সকল অনিস্পন্ন মামলা দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | | |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) | উপজেলা ইউডিএফ(জাইকা)জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় উপজেলা ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই পূর্বক আগামী প্রকল্প বরাদ্দ দেয়া হবে। এ লক্ষ্যে উপজেলার ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করা প্রয়োজন বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(জাইকা) এর আওতায় ওয়েবপোর্টালের হালনাগাদ তথ্য যাচাই ও প্রকল্প বরাদ্দের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ১৭(সতের)টি স্থায়ী কমিটির মিটিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ/ উপজেলা ইউডিএফ(জাইকা) কানাইঘাট,সিলেট |
| ৩০ | বিবিধ | (ক) সভায় ০৪ নং সাতবাঁক ইউনিয়ন চেয়ারম্যান জানান, অত্র উপজেলার আন্দু নদীর পানি ০১নং লক্ষীপ্রসাদ পূর্ব, ০৩নং দিঘীর পাড় পূর্ব এবং ০৪নং সাতবাঁক ইউনিয়নের সাধারণ জনগণ নিত্যপ্রয়োজনীয় কাজে ব্যবহার করে। কিন্তু বর্তমানে উক্ত নদীর ইজারাদার মাছের খাবার অতিরিক্ত ব্যবহারের কারণে পানি দূষিত হয়ে গেছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>(খ) সভায় ০৫নং বড়চতুল ইউনিয়ন চেয়ারম্যান জানান, সামাজিক অবক্ষয় রোধে করণীয় সম্পর্কে আলোচনার জন্য তিনি তাঁর ইউনিয়নের সকল মসজিদের ইমামসাহেবদেরকে নিয়ে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করেছেন। এব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের প্রশাসক আসন্ন দুর্গা পূজার বিসর্জনের সময় নদীর ঘাটে ডুবুরি দল প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি দুর্গা পূজা উপলক্ষ্যে নিরবচ্ছিন্ন | (ক) অত্র উপজেলার আন্দু নদীর পানি দূষণের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br><br>(গ)!) আসন্ন দুর্গা পূজার বিসর্জনের সময় নদীর ঘাটে ডুবুরি দল প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের কর্মকর্তাকে এবং | (ক) উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট, সিলেট<br><br>গ। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিদ্যুৎ সরবরাহের উদ্যোগ গ্রহণের জন্য পল্লী বিদ্যুতের ডিজিএমকে অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (০১) মালি, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা; (০২) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বিল (০৩) উপজেলা পরিষদের পানির পাম্পের মটর ক্রয় বাবদ ১,৫০০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের উদ্যোগ গ্রহণের জন্য পল্লী বিদ্যুতের ডিজিএমকে অনুরোধ করা হলো। ii) উত্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিয়মিতভাবে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২-৬৮ তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ------------------------------------ কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ------------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ------------------------------------ কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
কানাইঘাট,সিলেট